

স্বাধীনতা, তোকে কোথায় লুকিয়ে রাখি?

লুৎফর রহমান রিটন

হায় রে স্বাধীনতা, তোকে কোথায় রাখি লুকিয়ে?
মাথার ওপর শকুন ওড়ে
আঙিনাতে হয়না ঘোরে
একাত্তরের ঘাতক যারা
স্বাধীন দেশের মন্ত্রী তারা!
রক্তস্নাত বিজয় মাসে
স্মৃতি সৌধে ঘাতক হাসে!
ছেলের জন্যে কেঁদে কেঁদে
আশায় আশায় বুকটি বেঁধে
হতভাগী মায়ের চোখের অশ্রু গেছে শুকিয়ে

হায় রে স্বাধীনতা, তোকে কোথায় রাখি লুকিয়ে?
অনেক রক্ত অশ্রু ঘামে
তিরিশ লক্ষ প্রাণের দামে
পেয়েছিলাম আমরা তোকে
আনন্দ আর দুঃখ শোকে
রেখেছিলাম বুকের মাঝে
দিবারাত্রির সকল কাজে
তুই প্রেরণা উদ্দীপনা
স্বপ্ন এবং সম্ভাবনা,
কিন্তু তোকে বন্দি করার জন্যে ওরা মুখিয়ে

হায় রে স্বাধীনতা, তোকে কোথায় রাখি লুকিয়ে?
কাটলো তোকে কুচি কুচি—
ছেলেমেয়ের পাঠ্যসূচি
ছিন্নভিন্ন বইয়ের পাতা
ইতিহাসের খেরো খাতা

ছিনিয়ে তোকে আনলো যঁারা

তিন যুগ পর কোথায় তাঁরা!
মুক্তিযোদ্ধা অনাহারে—
ভিক্ষা করছে পথের ধারে!
এ প্রাপ্তি তাঁর? মুক্তিযুদ্ধে সকল দেনা চুকিয়ে!!
হায় রে স্বাধীনতা, তোকে কোথায় রাখি লুকিয়ে?

অটোয়া, কানাডা ॥ ২৩ মার্চ ২০০৭

riton100@gmail.com